গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
নাটোর।
fisheries.natore.gov.bd

**সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে তৃতীয় প্রান্তিকের (জানুয়ারি-মার্চ,২০২৪) সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | ড. মো: আবুল কালাম আজাদ<br>জেলা মৎস্য কর্মকর্তা |
| সভার তারিখ | **৩১ জানুয়ারি ২০২৪ খ্রি.** |
| সভার সময় | **সকাল ১১:০০ ঘটিকা** |
| স্থান | মৎস্য বীজ উৎপাদন খামার, নাটোরের প্রশিক্ষণ কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট “ক” তে সংযুক্ত |

সভাপতি উপস্থিত (পরিশিষ্ট “ক”) সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং নিম্নবর্ণিত বিষয়ে আলোচনা ও সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র.নং | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার আওতায় সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে নিয়মিত সভা করা | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত দপ্তরে আগত নানা ধরণের সুফলভোগী ও অন্যান্য অংশীজনদের (stakeholders) অংশগ্রহণে সভা করে তাদের প্রতিভাব যাচাই করা খুবই গুরুত্বপূর্ণ। এতে করে সেবা প্রদানের অন্তরায় দূর হয়, সেবার মানোন্নয়ন ঘটে, অংশীজনদের সাথে সুসম্পর্ক তৈরি হয়। কাজেই সব দপ্তরে এপিএ লক্ষ্যমাত্রা মোতাবেক নিয়মিত সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা করার বিষয়টি আলোচনা করা হয়। | সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে প্রতি ত্রৈমাসিকে একটি করে সভা করার সিদ্ধান্ত গৃহীত হয়। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল)। |
| ২. | নৈতিকতা কমিটির সভা আয়োজন | মন্ত্রীপরিষদের সির্দেশনা মোতাবেক প্রতি ত্রৈমাসিকের প্রথম মাসেই সভা আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। নৈতিকতা কমিটির সভার কার্যপরিধি অনুযায়ী শুদ্ধাচার প্রতিষ্ঠায় এপিএ চুক্তি সংযোজনী ৪ এর আওতায় গৃহিত সময়াবদ্ধ কর্মপরিকল্পনা কিভাবে বাস্তবায়ন করা যায় এসকল বিষয়ে এজেন্ডাভুক্ত করে প্রতি ত্রৈমাসিক সভা আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। | সিদ্ধান্ত বাস্তবায়নের সুবিধার্থে প্রতি ত্রৈমাসিকের প্রথম মাসেই নৈতিকতা কমিটির সভা আয়োজন করতে হবে। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল |
| ৩ | কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষন প্রদান কর্মদক্ষতা উদ্যোগ গ্রহণ | স্ব স্ব এপিএ লক্ষ্যমাত্রা মোতাবেক কর্মকর্তা-কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ প্রদান করার বিষয়ে আলোচনা করা হয়। তাছাড়া ইন হাউজ প্রশিক্ষণের মাধ্যমে বিভিন্ন কার্যক্রম সংশ্লিষ্ট বিষয়ের দক্ষতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করার বিষয়ে আলোচনা করা হয়। | কর্মকর্তা-কর্মচারীদের শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষন প্রদান করতঃ কর্মদক্ষতা উন্নয়নের উদ্যোগ গ্রহণ করতে হবে। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪. | সেবা প্রদানের ক্ষেত্রে রেজিষ্টারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহিতার মতামত সংরক্ষণ | স্ব স্ব কার্যালয় থেকে যে সকল সেবা প্রদান করা হয় সে সকল সেবা যারা গ্রহণ করছেন সেই সেবাগহীতাদের মতামত সংরক্ষণ করার বিষয়ে আলোচনা করা হয়। রেজিষ্টারে সেবার মান সম্পর্কে মতামত দেওয়ার জন্য সেবা গ্রহীতাদের উদ্বুদ্ধ করার বিষয়ে আলোচনা হয়। | সেবা প্রদানের ক্ষেত্রে মন্ত্রীপরিষদ বিভাগের নির্দেশনা অনুসরণ করে নির্ধারিত ছক মোতাবেক প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহিতার মতামত সংরক্ষণ করতে হবে। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল) |
| ৫. | সিটিজেন চার্টার হালনাগাদকরণ বিষক আলোচনা | জেলা ও আওতাধীন দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদ করা এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ প্রদান ও সেবা প্রদান প্রতিশ্রুতির অগ্রগতি প্রতিবেদন প্রদান বিষয়ে আলোচনা করা হয় । | জেলা ও আওতাধীন দপ্তরের এপিএ চুক্তির সংযোজনী-৭ এর আওতায় গৃহীত কার্যক্রম বাস্তবায়ন ও প্রমানক সংরক্ষণ করতে হবে। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল)। |
| ৬. | অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা | নির্দিষ্ট সময়ে মধ্যে জিআরএস সিস্টেমে অনলাইন/ অফলাইনে প্রাপ্ত অভিযোগ ও আপীল নিস্পত্তির বিষয়ে আলোচনা করা হয়। অভিযোগ পাওয়া না গেলে স্টেকহোল্ডারদের সমন্বয়ে সভা আয়োজনের বিষয়েও আলোচনা করা হয়। প্রাপ্ত অভিযোগ পর্যালোচনা করে অভিযোগ উদ্ভবের কারণ সনাক্তকরণ, করণীয় নির্ধারণ ও গৃহীত কার্যক্রম সংক্রান্ত অর্ধবার্ষিক প্রতিবেদন প্রেরণের বিষয়ে আলোচনা করা হয়। অভিযোগ নিস্পত্তি সংক্রান্ত মাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট নিয়মিত প্রেরণ এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও জিআরএস সফটওয়্যার বিষয়ক প্রশিক্ষণ ও স্টেকহোল্ডারদের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করার বিষয়ে আলোচনা করা হয়। | জেলা ও আওতাধীন দপ্তরের এপিএ চুক্তির সংযোজনী-৬ এর আওতায় গৃহীত কার্যক্রম বাস্তবায়ন ও প্রমানক সংরক্ষণ করতে হবে। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল)। |
| ৭. | তথ্য অধিকার আইন বিষয়ে আলোচনা | তথ্য অধিকার আইন, ২০০৯ অনুসারে নির্ধারিত সময়ের মধ্যে তথ্য প্রাপ্তির আবেদন নিস্পত্তির বিষয়ে আলোচনা করা হয়। জেলা ও উপজেলা কার্যালয় হতে নির্ধারিত সময়ের মধ্যে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করার বিষয়ে আলোচনা করা হয়। জেলা পর্যায়ের তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি করার লক্ষ্যে প্রচারপত্র বিতরণ, সভা, সেমিনার, কর্মশালা ইত্যাদি বাস্তবায়ন করার বিষয়ে আলোচনা করা হয়। | জেলা ও আওতাধীন দপ্তরের এপিএ চুক্তির সংযোজনী-৮ এর আওতায় গৃহীত কার্যক্রম বাস্তবায়ন ও প্রমানক সংরক্ষণ করতে হবে। | জেলা ও সিনিয়র উপজেলা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও কর্মচারীগণ (সকল) |

সভার এজেন্ডা অনুযায়ী আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

৩১-০১-২০২৪
ড. মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা
০২৫৮৮৮৭২৫৯০
dfonatore@fisheries.gov.bd

তারিখ: ১৭ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
৩১ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৩৩.০২.৬৯০০.৪০০.৮১.০০১.২১.৬৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপপরিচালক(ফিল্ড সার্ভিস), ফিল্ড সার্ভিসের দপ্তর, মৎস্য অধিদপ্তর;

২। উপপরিচালক, উপপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর, রাজশাহী বিভাগ, রাজশাহী;

৩। সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা (সকল), নাটোর;

৪। খামার ব্যবস্থাপক (সকল), মৎস্য বীজ উৎপাদন খামার, নাটোর;

৫। মৎস্য সম্প্রসারণ অফিসার (সকল), মৎস্য অধিদপ্তর, নাটোর;

৬। অন্যান্য কর্মকর্তা (সকল), মৎস্য অধিদপ্তর, নাটোর এবং

৭। জনাব, ..................................................................।

৩১-০১-২০২৪
ড. মো: আবুল কালাম আজাদ
জেলা মৎস্য কর্মকর্তা

**সকল সংযুক্তিসমূহ:**

(১) সুশাসন প্রতিষ্ঠার নিমত্তে অংশীজনের অংশগ্রহণে ৩ য় প্রান্তিক সভার হাজিরা
(২) WhatsApp Image 2024-01-31 at 12.46.04_11aefc55
(৩) WhatsApp Image 2024-01-31 at 12.46.05_3d7c050e